# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০২২-২০২৩/ ৩৬৭ তারিখঃ ০৬/১০/২২

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১০/১০/২০২২ তারিখ রোজঃ সোমবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচী ঃ**

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। স্যানিটেশন মাস উপলক্ষ্যে পৌরসভার গৃহীত কর্মসূচীতে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করণ প্রসঙ্গে ঃ-
৩। (অক্টোবর-ডিসেম্বর/২০২২) কোয়াটারে উঠান বৈঠক ফলপ্রসু করণ বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

(মোছাঃ মুন্নজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

........................................................

........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১০-১০-২০২২ খ্রিঃ
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহসান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জঃপৌঃস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন),ওয়ার্ড নং-০৫ জঃপৌঃস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

**সিদ্ধান্ত ঃ** সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**২ নং আলোচ্য সূচীঃ স্যানিটেশন মাস উপলক্ষ্যে পৌরসভার গৃহীত কর্মসূচীতে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করণ প্রসঙ্গে ঃ-**

আলোচনাঃ-সভাপতি মহোদয় আলোচনা কালে বলেন দেশব্যাপী অক্টোবর/২০২২ মাসকে স্যানিটেশন মাস হিসাবে উৎযাপন করা হচ্ছে। স্যানিটেশন মাসের উদ্দেশ্য হলো পরিস্কার পরিচ্ছন্ন ও সুন্দর রোগমুক্ত জীবন অর্থাৎ উন্নত স্যানিটেশন ব্যবস্থা জীবন মান উন্নত করে। স্যানিটেশন মাসের উদ্দেশ্য সফলভাবে বাস্তবায়নের জন্য অবশ্যই সমাজের নারীদের সচেতনতা বৃদ্ধি করতে হবে। কেননা খাওয়ার আগে ও পরে হাত ধোয়া, বাড়ীর আশপাশ পরিস্কার রাখা, খাবার ভালভাবে ঢেকে রাখা প্রভৃতি পরিচ্ছন্নতা কাজে নারীরা অগ্রগণ্য ভূমিকা রাখে। তাই স্যানিটেশন মাস উপলক্ষ্যে পৌরসভার কর্তৃক গৃহীত কর্মসূচীতে বিভিন্ন শ্রেণীর/পেশার নারীদের অংশগ্রহণ নিশ্চিত করানো হলে তারা স্যানিটেশন ব্যবস্থা সম্পর্কে আরো সচেতন হবেন এবং পরিচ্ছন্ন পরিবার ও সমাজ গড়তে সহায়ক ভূমিকা পালন করবেন। বিষয়টি নিয়ে সভ্যগণের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ-** স্যানিটেশন মাস উপলক্ষ্যে পৌরসভা কর্তৃক গৃহীত কর্মসূচীতে সমাজের বিভিন্ন শ্রেণীর/পেশার নারীদের অংশগ্রহণ নিশ্চিত করণে অত্র কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

**৩নং আলোচ্য বিষয় ঃ (অক্টোবর-ডিসেম্বর/২০২২) কোয়াটারে উঠান বৈঠক ফলপ্রসু করণ বিষয়ে আলোচনা।**

আলোচনাঃ-সভাপতি মহোদয় উপস্থিত সকলের দৃষ্টি আর্কষণ করে বলেন, চলতি কোয়াটারে শীঘ্রই উঠান বৈঠকের আয়োজন প্রক্রিয়া শুরু করা প্রয়োজন। উক্ত আলোচনার প্রেক্ষিতে কমিটি সদস্য জনাব মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং -০২, জয়পুরহাট পৌরসভা- সভাপতি মহোদয়ের কাছে উঠান বৈঠক আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটি সদস্য সচিব উক্ত প্রশ্নের আলোকে বলেন, আপনারা অবগত আছেন উঠান বৈঠক আয়োজনের জন্য UGIIP-3 প্রকল্প অফিস হতে বৈঠকের ব্যয় নির্বাহের জন্য বাজেট প্রদান করেন, উঠান বৈঠকের ব্যয় নির্বাহের নিমিত্তে প্রকল্প অফিস হতে বাজেট সংবলিত চিঠি চলতি মাসের প্রথমের দিকে প্রেরণ করেছেন। চিঠি নির্দেশনা অনুযায়ী এ কমিটির সভাপতি সকল কাউন্সিলর এর সাথে আলোচনা করে উঠান বৈঠকের জন্য ওয়ার্ড ভিত্তিক স্থান ও সময় নির্ধারন করে জুন/২২ মাসের মধ্যে উঠান বৈঠক আয়োজনের ব্যবস্থা করবেন। বিষয়টি নিয়ে সভ্যগণের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ**- সংরক্ষিত মহিলা কাউন্সিলর ও প্রত্যেক ওয়ার্ডের কাউন্সিলরদের সাথে পরামর্শ ক্রমে প্রত্যেক ওয়ার্ডে ২টি করে স্থান নির্বাচন ও তারিখ নির্ধারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অত্র কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান ও UGIIP-3 প্রকল্পের এলসিডিএ জনাব মোছাঃ নাজমুন্নাহার কে দায়িত্ব প্রদান করা হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
**নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি**
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২২-২০২৩/ ৬৪৪ তারিখ ঃ ১০-১০-২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১০/১০/২০২২ ইং।

রোজ ঃ সোমবার ।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ জান্নতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | |